# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ
dgmppd@krishibank.org.bd


প্রকা/ক্রেঃবিঃ(শাখা-১)/৩(১১৭)/২০২৩-২৪/ ৬৮(১২৫৫) তারিখঃ ০৯/০৭/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর সময়সীমা বর্ধিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ০৩/০৪/২০২৩ ও ১৬/০৫/২০২৩ তারিখের যথাক্রমে ২৩৩৮ ও ২৬৭৪ নং পত্রদ্বয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। প্রথমোক্ত পত্রে ৫.০০ লক্ষ টাকা ও তদূর্ধ্ব মঞ্জুরিকৃত নতুন ও পুরাতন সকল ঋণ কেইসসমূহের তথ্য যথাযথভাবে ডাটা এন্ট্রি/স্ক্যান করে সফটওয়্যারে আপলোড করার কার্যক্রমটি এপ্রিল ২০২৩ মাসের মধ্যে ৫০ ভাগ, মে ২০২৩ মাসের মধ্যে ৭৫ ভাগ এবং জুন ২০২৩ মাসের মধ্যে শতভাগ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয় এবং নির্ধারিত ছক মোতাবেক অগ্রগতির তথ্যাদি যথাক্রমে এপ্রিল, মে ও জুন মাসের ০৫ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরনের অনুরোধ জানানো হয়।

দ্বিতীয় পত্রে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ১৫/০৫/২০২৩ তারিখ ভিত্তিক আলোচ্য বিষয়ে অত্র ব্যাংকের বিভাগওয়ারী অগ্রগতির সার্বিক অবস্থা ও করণীয় সম্পর্কে নির্দেশনা এবং বিভাগীয় ও আঞ্চলিক পর্যায়ে বিষয়টি পরিধারণ করার জন্য অনুরোধ জানানো হয়। গত ৩০/০৬/২০২৩ ভিত্তিক ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর বিভাগীয় ডাটার (পোর্টাল হতে সংগৃহীত) সার্বিক অবস্থা নিম্নরূপঃ

(প্রকৃত সংখ্যায়)

| ক্রঃ নঃ | বিভাগ | ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর জন্য ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য | | | |
|---|---|---|---|---|---|
| | | বিতরণকৃত মোট ঋণ কেইস এর সংখ্যা (লক্ষ্যমাত্রা) | আপলোডকৃত ঋণ কেইস এর সংখ্যা | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার | লক্ষ্যমাত্রা অর্জন (কম/বেশী) |
| ১ | ঢাকা | ১১৩১০ | ৪১২ | ৩.৬৪% | -১০৮৯৮ |
| ২ | ময়মনসিংহ | ৬৭২০ | ১০৭ | ১.৫৯% | -৬৬১৩ |
| ৩ | চট্টগ্রাম | ৩১২৪ | ২৭৮ | ৮.৮৯% | -২৮৪৬ |
| ৪ | খুলনা | ৩৩২৭ | ৪৭৩ | ১৪.২১% | -২৮৫৪ |
| ৫ | বরিশাল | ৯০৮ | ৩০৩ | ৩৩.৩৭% | -৬০৫ |
| ৬ | সিলেট | ২০৩৪ | ৫১২ | ১৪.১১% | -১৫২২ |
| ৭ | কুমিল্লা | ৯৯৭ | ২৪৮ | ২৪.৮৭% | -৭৪৯ |
| ৮ | ফরিদপুর | ২৪৮৭ | ৩৯৬ | ১৫.৯২% | -২০৯১ |
| ৯ | কুষ্টিয়া | ৩৯৬৫ | ৪২৫ | ১০.৭১% | -৩৫৪০ |
| ১০ | এলপিও | ৭৫ | ১১ | ১৪.৬৬% | -৬৪ |
| মোট | | ৩৪৯৪৭ | ৩১৬৫ | ৯.০৫% | -৩১৭৮২ |

চলমান পাতা-০২

বিষয় ঃ ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর সময়সীমা বর্ধিতকরণ প্রসঙ্গে।

০৩। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, কোন বিভাগই ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি, যা গ্রহণযোগ্য নয়। আলোচ্য বিষয়ে ক্রেডিট বিভাগ কর্তৃক সময়ে সময়ে পত্র প্রেরণ/টেলিফোনে যোগাযোগ করা হলেও কার্যক্রমে আশানুরূপ গতিসঞ্চার হয়নি। বিকেবি, পরিচালনা পর্ষদের পরিচালকগণের সমন্বয়ে গঠিত রিস্ক ম্যানেজম্যান্ট কমিটির ত্রৈমাসিক সভা এবং ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট এর মাসিক সভায় ঋণ কেইসসমূহের তথ্য ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণের সার্বিক চিত্রে গভীর অসন্তোষ প্রকাশ করা হয় এবং উক্ত কার্যক্রমটি সঠিকভাবে সম্পাদনের জন্য সময়সীমা ০৩(তিন) মাস অর্থাৎ ৩০ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রদত্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনসহ ৩০ সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ কার্যক্রমটি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। আলোচ্য ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর অগ্রগতির তথ্যাদি মাসান্তে পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে অত্র বিভাগে নির্ধারিত ছকে প্রেরনের জন্য অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণকে বিষয়টি নিয়মিত পরিধারণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪৯

প্রকা/ক্রেঃবিঃ(শাখা-১)/৩(১১৭)/২০২৩-২৪/ ৩৮-(২২৫০)

তারিখঃ ০৯/০৭/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১, ০২২২৩৩-৮৮৯৪৯;
ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd
ক্রেডিট বিভাগ


প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৩(১১৭)/২০২২-২০২৩/ ২৬৩৮ (১২৫০) তারিখঃ ০৩/০৪/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর সময়সীমা নির্ধারণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং-১০২৮ তারিখঃ ২৪/১০/২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উপরোক্ত পত্রে সঠিক ও নির্ভুলভাবে শাখা সমূহকে ৫.০০ লক্ষ টাকা ও তদূর্ধ্ব মঞ্জুরীকৃত নতুন ও পুরাতন সকল ঋণ কেইসসমূহের তথ্য যথাযথভাবে ডাটা এন্ট্রি/স্ক্যান করে প্রস্তুতকৃত সফটওয়্যারে নিয়মিত আপলোড করার নির্দেশনা প্রদান করা হয়।

০৩। ইতিপূর্বে ৩১/০১/২০২৩ তারিখের মধ্যে প্রস্তুতকৃত সফটওয়্যারে আপলোড সম্পন্ন করার নির্দেশনা থাকলেও তা যথাযথভাবে পরিপালন করা হয়নি। পোর্টাল এবং মাঠ পর্যায়ের বিবরণী থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ২৮/০৩/২০২৩ ইং পর্যন্ত মোট ৩২৭৩১টি ঋণ কেইসের মধ্যে আপলোডকৃত ঋণ কেইসের সংখ্যা মাত্র ১২৭২টি যা মাত্র ৩.৮৮%। বিকেবি.পরিচালনা পর্ষদের পরিচালকগণের সমন্বয়ে গঠিত রিস্ক ম্যানেজম্যান্ট কমিটির ৩৫ তম (জানুয়ারী-মার্চ ২০২৩) ত্রৈমাসিক সভায় আলোচ্য বিষয়টি নিয়ে গভীর অসন্তোষ প্রকাশ করা হয়েছে। উক্ত সভায় বিদ্যমান ঋণকেইস সমূহের তথ্য নিম্নরুপ সময়সীমার মধ্যে সম্পূর্ণভাবে আপলোড সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| বিষয় | ৫০ ভাগ সম্পন্ন করার সময়সীমা | ৭৫ ভাগ সম্পন্ন করার সময়সীমা | ১০০ ভাগ সম্পন্ন করার সময়সীমা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ | ৩০/০৪/২০২৩ | ৩০/০৫/২০২৩ | ৩০/০৬/২০২৩ | নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই কার্যক্রম সম্পন্ন করতে হবে। |

০৪। এমতাবস্থায়, উল্লেখিত সময়সীমার মধ্যে ৫.০০ লক্ষ টাকা ও তদূর্ধ্ব মঞ্জুরীকৃত নতুন ও পুরাতন সকল ঋণ কেইসসমূহের তথ্য যথাযথভাবে ডাটা এন্ট্রি/স্ক্যান করে সফটওয়্যারে আপলোড করার নির্দেশনা প্রদান করা হলো এবং নির্ধারিত ছক মোতাবেক অগ্রগতির তথ্যাদি যথাক্রমে আগামী এপ্রিল, মে ও জুন মাসের ০৫ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরনের অনুরোধ জানানো হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ শাখায় ভ্রমনের সময়ে বিষয়টি নিয়মিত তদারকিসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন। উপরিউক্ত কার্যক্রমে কোন ধরণের শৈথিল্যতা প্রদর্শন করা হলে উদ্ভূত ঝুঁকির দায় সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

০৫। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

০৩/০৪/২৩

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৩(১১৭)/২০২২-২০২৩/ ২৬৩৮ (১২৫০) তারিখঃ ০৩/০৪/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

03.04.2023

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০১১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd


প্রকা/ক্রেঃবিঃ(শাখা-১)/৩(১১৭)/২০২২-২৩/ ২৬৭৪(১২৫০)

তারিখঃ ১৬/০৫/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর অগ্রগতি প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং-২৩৩৮ তারিখঃ ০৩/০৪/২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উল্লেখিত পত্রে নির্ধারিত সময়সীমার মধ্যে ৫.০০ লক্ষ টাকা ও তদূর্ধ্ব মঞ্জুরিকৃত নতুন ও পুরাতন সকল ঋণ কেইসসমূহের তথ্য যথাযথভাবে ডাটা এন্ট্রি/স্ক্যান করে সফটওয়্যারে আপলোড করার নির্দেশনা প্রদান করা হয় এবং নির্ধারিত ছক মোতাবেক অগ্রগতির তথ্যাদি যথাক্রমে আগামী এপ্রিল, মে ও জুন মাসের ০৫ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরনের অনুরোধ জানানো হয়। নির্ধারিত লক্ষমাত্রার বিপরীতে ১৫/০৫/২০২৩ তারিখ ভিত্তিক আলোচ্য বিষয়ে অত্র ব্যাংকের বিভাগওয়ারী অগ্রগতির সার্বিক অবস্থা নিম্নরূপ ঃ

(প্রকৃত সংখ্যায়)

| ক্রঃ নঃ | বিভাগ | ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর জন্য ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | বিতরণকৃত মোট ঋণ কেইস এর সংখ্যা (লক্ষ্যমাত্রা) | আপলোডকৃত ঋণ কেইস এর সংখ্যা | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার | ১৫/০৫/২০২৩ ভিত্তিক আনুপাতিক লক্ষ্যমাত্রা | ১৫/০৫/২০২৩ ভিত্তিক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন (কম/বেশী) |
| ১ | ঢাকা | ১১৩১০ | ২৫৯ | ২.২৯% | ৭০৬৯ | -৬৮১০ |
| ২ | ময়মনসিংহ | ৬৭২০ | ৯১ | ১.৩৫% | ৪২০০ | -৪১০৯ |
| ৩ | চট্টগ্রাম | ৩১২৪ | ২০৭ | ৬.৬২% | ১৯৫৩ | -১৭৪৬ |
| ৪ | খুলনা | ৩৩২৭ | ৩০৯ | ৯.২৮% | ২০৭৯ | -১৭৭০ |
| ৫ | বরিশাল | ৯০৮ | ২২২ | ২৪.৪৫% | ৫৬৮ | -৩৪৬ |
| ৬ | সিলেট | ২০৩৪ | ২৮৭ | ১৪.১১% | ১২৭১ | -৯৮৪ |
| ৭ | কুমিল্লা | ৯৯৭ | ২০৩ | ২০.৩৬% | ৬২৩ | -৪২০ |
| ৮ | ফরিদপুর | ২৪৮৭ | ২৮৬ | ১১.৫০% | ১৫৫৪ | -১২৬৮ |
| ৯ | কুষ্টিয়া | ৩৯৬৫ | ১৬০ | ৪.০৫% | ২৪৭৮ | -২৩১৮ |
| ১০ | এলপিও | ৭৫ | ১১ | ১৪.৬৬% | ৪৭ | -৩৬ |
| | মোট | ৩৪৯৪৭ | ২০৩৫ | ৫.৮২% | ২১৮৪২ | -১৯৮০৭ |

বিষয় : ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর অগ্রগতি প্রসঙ্গে

০৩। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, কোন বিভাগই ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর নির্ধারিত লক্ষ্যমাত্রার আনুপাতিক হার অর্জন করতে সক্ষম হয়নি, যা গ্রহণযোগ্য নয়। আলোচ্য বিষয়ে ক্রেডিট বিভাগ কর্তৃক সময়ে সময়ে পত্র প্রেরণ/টেলিফোনে যোগাযোগ করা হলেও কার্যক্রমে আশানুরূপ গতিসঞ্চার হয়নি। বিকেবি, পরিচালনা পর্ষদের পরিচালকগণের সমন্বয়ে গঠিত রিস্ক ম্যানেজম্যান্ট কমিটির ত্রৈমাসিক সভা এবং ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট এর মাসিক সভায় ঋণ কেইসসমূহের তথ্য ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণের সার্বিক চিত্রে গভীর অসন্তোষ প্রকাশ করা হয় এবং জুন ২০২৩ এর মধ্যে কার্যক্রমটি শতভাগ সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০৪। এমতাবস্থায়, অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এবং জুম মিটিং/ পর্যালোচনা সভায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রদত্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনসহ জুন ২০২৩ এর মধ্যে ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ কার্যক্রমটি পূর্ণাঙ্গ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। সেই সাথে অগ্রগতির তথ্যাদি মাসান্তে পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে অত্র বিভাগে নির্ধারিত ছকে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ বিষয়টি নিয়মিত পরিধারণ করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২১/০৫/২০২৩

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন : ০২-২২৩৩৮৮৯৪৯

প্রকা/ক্রেঃবিঃ(শাখা-১)/৩(১১৭)/২০২২-২৩/ ২৮৭৪(১২৫০) তারিখঃ ১৬/০৫/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক